

# যুগান্তর

## পদবংশিতদের ধাওয়ায় ক্যাম্পাস ছেড়ে পালালেন ইবি ছাত্রলীগ সম্পাদক

প্রকাশ : ২০ সেপ্টেম্বর ২০১৯, ১৯:৫৩ | অনলাইন সংস্করণ

 ইবি প্রতিনিধি



ছাত্রলীগ সম্পাদককে পদবংশিতদের ধাওয়া। ছবি: যুগান্তর

ইসলামী বিশ্বিদ্যালয়  
(ইবি) শাখা ছাত্রলীগের  
সাধারণ সম্পাদক  
রাকিবুল ইসলাম  
রাকিবকে ধাওয়া দিয়ে  
ক্যাম্পাস ছাড়া  
করেছেন পদবংশিত  
নেতা-কর্মীরা।

শুক্রবার বিকাল সাড়ে  
৫টার দিকে ছাত্রলীগের  
সাধারণ সম্পাদক  
রাকিবুল ইসলাম  
রাকিব বহিরাগত  
ক্যাডার, ঠিকাদার,  
সাবেক ছাত্রলীগের  
সভাপতি-সম্পাদক,  
কুষ্টিয়া যুবলীগ  
নেতাদের নিয়ে  
ক্যাম্পাসে আসেন।

এ সময় তারা অন্ত্র  
নিয়ে ক্যাম্পাসের জিয়া  
মোড়ে অবস্থান করে

বলে জানান প্রত্যক্ষদর্শীরা। এ খবর আবাসিক হলগুলোতে ছড়িয়ে পড়লে প্রতিরোধ গড়ে তুলতে পদবঞ্চিত নেতা-কর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে হলের সামনে সংঘবন্ধভাবে অবস্থান নেয়।

সন্ধ্যা ৬টার দিকে লালন শাহ হল থেকে আবুল খায়েরের নেতৃত্বে সভাপতি-সম্পাদক গ্রন্থের নেতা-কর্মীরা জিয়া মোড়ে অবস্থানরত নেতা-কর্মীদের সঙ্গে একত্রিত হয়। এ সংবাদে একযোগে দেশীয় অস্ত্র নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, শেখ রাসেল হল, শহীদ জিয়াউর রহমান হল এবং সাদাম হোসেন হলের সামনে অবস্থানরত পদবঞ্চিত নেতা-কর্মীরা তাদেরকে ধাওয়া দেয়।

ধাওয়া খেয়ে সাধারণ সম্পাদকের কর্মীরা দৌড়ে পালিয়ে যায়। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে অবস্থান করছিলেন সম্পাদক রাকিব। পরে পদবঞ্চিতরা বিক্ষেপ মিছিল নিয়ে প্রধান ফটকের দিকে অগ্রসর হলে খবর পেয়ে রাকিব ও তার সঙ্গে থাকা নেতা-কর্মীরা পালিয়ে চলে যায়।

এ ব্যাপারে সদ্য সাবেক সহ-সম্পাদক ফয়সাল সিদ্দিকি আরাফাত যুগান্তরকে বলেন, রাকিবকে আগেই ক্যাম্পাসে অবাঞ্চিত ঘোষণা করা হয়েছে। এরপরও সে ক্যাম্পাসে ভীতিকর পরিবেশ সৃষ্টি করার জন্য বহিরাগত ক্যাডারের নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করে। তাই তাকে ধাওয়া দিয়ে ক্যাম্পাসছাড়া করা হয়েছে।

**ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।